# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়ার ধাপসমূহ (বিস্তারিত)

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহের ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীর কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদনকারীকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট https://ju-admission.org/ এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে।

**আবেদনের সময়সীমাঃ ০২ জানুয়ারি ২০২৫ বেলা ০২:৩০ টা থেকে ২১ জানুয়ারি ২০২৫ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত।**

**প্রবেশপত্র ডাউনলোড শুরুঃ ০২ ফেব্রুয়ারি ২০২৫ থেকে।**

**ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২৫ থেকে ১৯ ফেব্রুয়ারি ২০২৫।**

**পরীক্ষার পূর্বে বিস্তারিত তথ্য ও সিটপ্লান https://ju-admission.org/ ওয়েবসাইটে পাওয়া যাবে।**

**ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলীঃ**

I. আবেদনকারী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (https://ju-admission.org/) প্রয়োজনীয় তথ্য প্রদান করে ন্যূনতম যোগ্যতা যাচাইপূর্বক নিজ মোবাইল নম্বর নিশ্চিত করবেন এবং প্রেরিত পাসওয়ার্ড পরবর্তীতে আবেদন/ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন।


II. আবেদনকারী নিজ নিজ প্রোফাইলে লগইন করে ছবি ও স্বাক্ষর আপলোড করবেন। পরবর্তীতে আবেদনযোগ্য ইউনিটগুলোর তালিকা থেকে এক বা একাধিক ইউনিটে বিকাশ অথবা রকেটের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে পারবেন। ০২ ফেব্রুয়ারি ২০২৫ থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

**সর্বমোট ৫টি ধাপে (ক, খ, গ, ঘ, ঙ) এই আবেদন সম্পন্ন করতে হবে।**


**ক। আবেদনকারীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা যাচাই ও প্রয়োজনীয় তথ্য প্রদানঃ**

- https://ju-admission.org/ ওয়েবসাইটের হোমপেজে **"নতুন আবেদন"**- এ ক্লিক করে, আবেদনকারীকে উচ্চমাধ্যমিক/সমমান ও মাধ্যমিক/সমমান -এর শিক্ষাবোর্ড, পাশের সাল ও রোল নম্বর প্রদান করতে হবে।
- মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে একইভাবে শিক্ষাবোর্ড হতে **"মাদ্রাসা শিক্ষা বোর্ড"** অপশনটি সিলেক্ট করতে হবে।
- কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে একইভাবে শিক্ষাবোর্ড হতে **"কারিগরি শিক্ষা বোর্ড"** অপশনটি সিলেক্ট করতে হবে।
- বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে একইভাবে শিক্ষাবোর্ড হতে **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়"** অপশনটি সিলেক্ট করতে হবে।
- DIBS থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে একইভাবে শিক্ষাবোর্ড হতে **"DIBS"** অপশনটি সিলেক্ট করতে হবে।

- O লেভেল এবং A লেভেল থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে **“A Level/O Level Apply”** বাটনটিতে ক্লিক করতে হবে। অতঃপর স্ক্রীনে আবেদনকারীর সকল প্রয়োজনীয় তথ্য (যেমনঃ A-level information, O-level information, subject, grade etc.) ইত্যাদি প্রদান করতে হবে। সবশেষে **“Select Transcript”** -এ ক্লিক করে আবেদনকারীর O-level এবং A-level এর স্ক্যান করা Transcript এর কপিসমূহ (Size: সর্বোচ্চ 2MB; Format: jpeg/pdf) আপলোড করে **“Submit”** বাটনে ক্লিক করতে হবে।





উপরের স্ক্রিনটিতে আবেদনকারীর তথ্য প্রদান করে **“পরবর্তী ধাপ”** বাটনটিতে ক্লিক করলে নিচের স্ক্রিনটি দেখতে পাবেন। উল্লেখ্য যে, রোল নম্বর অবশ্যই ইংরেজিতে লিখতে হবে।



- আবেদনকারীকে সকল তথ্য মিলিয়ে দেখতে হবে।
- সকল তথ্য সঠিক থাকলে **"মোবাইল নম্বর যাচাই ও নিশ্চিতকরণ"** করতে হবে।

## খ। মোবাইল নম্বর যাচাই ও নিশ্চিতকরণঃ

এই ধাপে আবেদনকারীকে ১১ ডিজিটের মোবাইল নম্বরটি (আবেদনকারীর নিজের বা অভিভাবকের) প্রদান করে **"নিশ্চিত করুন"** বাটনে ক্লিক করতে হবে।





আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে একটি পাসওয়ার্ড (৬ ডিজিটের) পাঠানো হবে ও প্রেরিত পাসওয়ার্ডটি নির্ধারিত ঘরে পূরণ করে **"নিশ্চিত করুন"** বাটনে ক্লিক করতে হবে এবং এই পাসওয়ার্ডটি পরবর্তীতে আবেদন সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে।

**সতর্কতাঃ**


- একটি মোবাইল নম্বর ব্যবহার করেই একজন আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবে। তবে উক্ত মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক প্রোফাইল তৈরি করা যাবে না।
- এক্ষেত্রে মোবাইল নম্বরটি সতর্কতার সাথে প্রদানসকরতে হবে, কেননা এই মোবাইল নম্বরটিই ভবিষ্যতে সকল প্রকার যোগাযোগ সংশ্লিষ্ট কার্যক্রমে ব্যবহৃত হবে।
- মোবাইল নম্বর কিংবা পাসওয়ার্ড ভুলে গেলে ওয়েবসাইটে **"অনুসন্ধান"** ট্যাব এ ক্লিক করে **"মোবাইল নম্বর পুনরুদ্ধার/মোবাইল নম্বর পুনরুদ্ধার"** সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করা সাপেক্ষে **"সাবমিট করুন"** বাটনটিতে ক্লিক করলে মোবাইল নম্বর/ পাসওয়ার্ড পুনরুদ্ধার করা যাবে।

## গ। ছবি ও স্বাক্ষর আপলোডঃ

আবেদনকারীকে নিজ প্রোফাইলে গিয়ে **"ছবি ও স্বাক্ষর আপলোড"** এ ক্লিক করলে নিচের স্ক্রীনটি দেখা যাবে।




সেখান থেকে **"ছবি নির্বাচন করুন"** -এ ক্লিক করে নির্দেশিকা অনুযায়ী (সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, ছবির আকার ৩০০ X ৩০০ পিক্সেল হতে হবে, ফাইল সাইজ ১০০ কিলোবাইটের বেশি হতে পারবে না, ফাইল ফরমেট অবশ্যই.jpg অথবা.jpeg ফরমেট এ হতে হবে) আবেদনকারীর ছবি সিলেক্ট করতে হবে। একইভাবে **"স্বাক্ষর নির্বাচন করুন"** -এ ক্লিক করে নির্দেশিকা অনুযায়ী (প্রবেশপত্রের জন্য স্বাক্ষর এর স্পষ্ট ছবি হতে হবে, স্বাক্ষরের আকার ৩০০ x ৮০ পিক্সেল হতে হবে, ফাইল সাইজ ৬০ কিলোবাইটের বেশি হতে পারবে না, ফাইল ফরমেট অবশ্যই.jpg অথবা.jpeg ফরমেট এ হতে হবে) আবেদনকারীর স্বাক্ষর সিলেক্ট করে **"সংরক্ষণ করুন"** বাটনটিতে ক্লিক করতে হবে। ছবির আকার ৩০০ X ৩০০ পিক্সেল এবং স্বাক্ষরের আকার ৩০০ x ৮০ পিক্সেল করতে **"এখানে ক্লিক করুন"** লিঙ্কে ক্লিক করুন।




## ঘ। আবেদন প্রক্রিয়া ও ফি প্রদানঃ

বিভিন্ন ইউনিটে আবেদনের জন্য আবেদন ফি (সার্ভিস চার্জসহ) নিম্নরূপঃ

| ইউনিটের নাম | আবেদন ফি |
|---|---|
| A, B, C এবং D | ৭০০ টাকা |
| E | ৬০০ টাকা |
| C1, IBA-JU | ৫০০ টাকা |


ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও মোবাইল নম্বর যাচাই সম্পন্ন হলে আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে (https://ju-admission.org/) তার ভেরিফাইড মোবাইল নম্বর এবং পূর্বের প্রেরিত পাসওয়ার্ড দিয়ে **"লগইন"** বাটনে ক্লিক করতে হবে।

পরবর্তী স্ক্রীনে আবেদনকারীর প্রোফাইলে আবেদনের বর্তমান অবস্থা, ফি প্রদান করা হয়েছে কিনা, সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে কত টাকা লাগবে, বিস্তারিত তথ্যসহ ইউনিট ভিত্তিক ফি প্রদান করার অপশনসমূহ দেখতে পারবেন। এবং সেই সাথে ভর্তিযোগ্য বিষয় সমূহ দেখা যাবে।




উপরোক্ত ধাপ (ক), (খ) ও (গ) সম্পন্ন করলেই একজন আবেদনকারী তার একটিমাত্র **"প্রোফাইল"** থেকেই **"লগইন"** করে একাধিক ইউনিটে আলাদাভাবে ফি প্রদান সাপেক্ষে আবেদন করতে পারবেন।


ফি প্রদান করার জন্য সংশ্লিষ্ট ইউনিটের পাশে **“ফি প্রদান করুন”** বাটনটিতে ক্লিক করলে সংশ্লিষ্ট ইউনিটের ফি, ফি প্রদানের মাধ্যম এবং প্রশ্নপত্রের ভাষা নির্বাচন করার অপশনটি দেখতে পারবেন।





তারপর সংশ্লিষ্ট ইউনিটের পরীক্ষার প্রশ্নপত্রের ভাষা (বাংলা/ইংরেজি) সতর্কতার সাথে নির্বাচন করতে হবে। কোন তথ্য ভুল থাকলে যে কোন সময় **“বন্ধ করুন”** বাটনে ক্লিক করে পরবর্তী ধাপে ফিরে গিয়ে তা সংশোধন করা যাবে। সবকিছু ঠিক থাকলে **”নিশ্চিত করুন”** এ ক্লিক করুন।

**সূর্য-পে এর মাধ্যমে আবেদন ফি প্রদানের প্রক্রিয়া নিম্নরূপঃ**

উপরের স্ক্রিন থেকে “নিশ্চিত করুন” বাটনে ক্লিক করার পর পরবর্তী স্ক্রিনটিতে ফি পরিশোধ করার অপশন দেখতে পাবেন।



আবেদনকারী যে মাধ্যমে ফি প্রদান করতে উচ্ছুক, সেই আইকনে ক্লিক করে **PAY NOW** বাটনে ক্লিক করতে হবে।

**ফি প্রদান সম্মন্ন হলে Shurjomukhi Limited থেকে একটা SMS আবেদনকারীর মোবাইলে যাবে।**

**ঙ। প্রবেশপত্র ডাউনলোডঃ**

০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ থেকে প্রবেশপত্র ডাউনলোড বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে এবং ডাউনলোড করে প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে।

**সহায়তায়ঃ**

| | |
|---|---|
| ক. আবেদন, ফি-প্রদান, ছবি ও স্বাক্ষর আপলোড এবং প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত (সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত) | : 01753987277, 01850877333 01327361801 |
| খ. সাধারণ জিজ্ঞাসা ও অন্যান্য (সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত) | : 01327361801, 01327361802 |
| গ. ই-মেইল | : admissionhelp@juniv.edu |